দৈনিক জনকণ্ঠ 10

তারিখ ... OCT. 3 1 1999

পৃষ্ঠা ৩ কলাম ২

# ঢাকা কলেজে যৌথসভা ভুল বোঝাবুঝির অবসান

ঢাকা কলেজের অধ্যক্ষের কার্যালয় থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গত ২৬ অক্টোবর ঢাকা কলেজে সংঘটিত ঘটনাবলীর প্রেক্ষিতে ২৮ অক্টোবর দুপুরে অধ্যক্ষ, শিক্ষক পরিষদ ও সর্বদলীয় ছাত্র ঐক্যের এক যৌথসভা অনুষ্ঠিত হয়। সভায় অধ্যক্ষ ও উপাধ্যক্ষের বিরুদ্ধে বিভিন্ন পত্রিকায় প্রকাশিত অভিযোগ ও অনিয়ম সংক্রান্ত সংবাদকে ঘিরে সৃষ্ট ভুল বোঝাবুঝির অবসান হয়েছে। সভায় উপস্থিত ছিলেন ছাত্রলীগ সভাপতি এসআর ছালাম, সাধারণ সম্পাদক ফিরোজ আল আমীন, সাংগঠনিক সম্পাদক রবিউল হায়দার রুবেল, ছাত্রদল সাধারণ সম্পাদক কামাল আনোয়ার আহমেদ, সহ-সভাপতি শফিউল আজম, ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক আবু দেলোয়ার হোসেন রুবেল, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সাধারণ সম্পাদক মোঃ আবু নাইম প্রমুখ।